

## কৃষিবিদ ইনস্টিটিউশনের নির্বাচনে সরকারের নগ্ন হস্তক্ষেপের অভিযোগ

স্টাফ রিপোর্টার ঃ সদ্য অনুষ্ঠিত কৃষিবিদ ইনস্টিটিউশনের নির্বাচনে সরকারের পক্ষ থেকে নগ্নভাবে হস্তক্ষেপ করা হয়েছিল বলে অভিযোগ করেছেন সভাপতি পদের অন্যতম প্রতিদ্বন্দ্বী ড. আব্দুর রাজ্জাক এমপি এবং মহাসচিব পদপ্রার্থী বদিউজ্জামান বাদশা। এক বিবৃতিতে প্রতিদ্বন্দ্বী এই দুই কৃষিবিদ বলেছেন, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ-এর ২০০২-২০০৩ মেয়াদের নির্বাচনে বর্তমান সরকারের বিভিন্ন মহল থেকে সরাসরি হস্তক্ষেপ সারা দেশের কৃষিবিদদের ক্ষুব্ধ এবং হতরাক করেছে। নির্বাচনের ঠিক পূর্ব মুহূর্তে সারা দেশে পূর্বঘোষিত নীলনয়লা অনুযায়ী সরকারের সর্বোচ্চ মহল থেকে বিভিন্ন কর্পোরেশন এবং অধিদফতরের প্রধানদের বিভিন্নভাবে ব্যবহার করে ভোটারদের ভয়ভীতি প্রদর্শন, ঢালাওভাবে কর্মকর্তাদের বদলি, ভূয়া ভোটার তালিকা প্রণয়ন এবং নির্বাচনের দিন বরিশাল কেন্দ্রে কৃষিমন্ত্রী এবং ঠাকুরগাঁও কেন্দ্রে কৃষি প্রতিমন্ত্রীর উপস্থিতি, অন্যান্য জেলায় সরকারদলীয় মস্তানদের উপস্থিতি, ত্রাসের রাজত্ব কায়ম ও ছমকি-ধমকির কারণে ভোটাররা তাদের কাজকৃত প্রার্থীকে ভোট দিতে পারেনি। বিবৃতিতে তাঁরা বলেছেন, কৃষিবিদ ইনস্টিটিউশনের মতো একটি ঐতিহ্যবাহী পেশাজীবী সংগঠনে এভাবে সরকারের নগ্ন হস্তক্ষেপ অতীতে কখনও দেখা যায়নি।